



স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৪২.১৮-৩৯৫

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮
১০ অক্টোবর ২০২১


প্রেরক: সোলেমান খান
অতিরিক্ত সচিব
পরিচালক, বাণিজ্য সংগঠন

✓ প্রাপক: আহ্বায়ক
Bangladesh LPG Autogas Station and Conversion Workshop Owner's Association
House# 02, Block-# 02, Pallabi, Mirpur, Dhaka-1216.

বিষয়: বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৩(১) ধারা অনুযায়ী "Bangladesh LPG Autogas Station and Conversion Workshop Owner's Association"-এর অনুকূলে লাইসেন্স ইস্যু।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৩(১) ধারা অনুযায়ী "Bangladesh LPG Autogas Station and Conversion Workshop Owner's Association"-এর নামে ১০ অক্টোবর ২০২১ তারিখে ২১/২০২১ নম্বর লাইসেন্স মঞ্জুর করা হলো। লাইসেন্সে বর্ণিত শর্তাবলি অবশ্য পালনীয়।

সংযুক্ত: ০১ (এক) ফর্দ।


সোলেমান খান
অতিরিক্ত সচিব
পরিচালক, বাণিজ্য সংগঠন

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
- ০২। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ৬২/৩ ক্রীড়া ভবন, (১৪-১৫ তলা) পল্টন, ঢাকা।
- ০৩। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ০৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৫। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল, বা/এ ঢাকা-১০০০।
- ০৬। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd



লাইসেন্স নং- ২১/২০২১

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮
১০ অক্টোবর ২০২১

বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৩(১) ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স


যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয়েছে যে, কতিপয় ব্যক্তি বা ব্যক্তিশ্রেণী "Bangladesh LPG Autogas Station and Conversion Workshop Owner's Association"-এর নামে বাণিজ্য সংগঠন প্রতিষ্ঠা করে একটি সাধারণ উদ্দেশ্য সাধনে এবং সংগঠনের অন্তর্ভুক্ত ব্যক্তি বা ব্যক্তিশ্রেণীর প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে একত্রিত হতে যাচ্ছে এবং

যেহেতু, উক্ত সংগঠনের অর্জিত লাভ এবং অন্যান্য আয় কেবল এ সংগঠনের উন্নতি সাধনকল্পে ব্যয়িত হবে এবং এর সদস্যগণের মধ্যে উক্ত লাভ/লভ্যাংশ হিসেবে বণ্টন করা হবে না;

সেহেতু, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৩(১) ধারা অনুসারে সরকার সন্তুষ্ট হয়ে "Bangladesh LPG Autogas Station and Conversion Workshop Owner's Association" সংগঠনটিকে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদান করল:

- (ক) বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৩(১) ধারা এবং এর আওতাধীন প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণপূর্বক লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায়সহ এর নামের সঙ্গে "লিমিটেড" শব্দ ব্যবহার না করে নিবন্ধিকরণ করতে হবে;
- (খ) সরকার কর্তৃক সংগঠনটির অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধিতে সরকার প্রয়োজনে পরবর্তীতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়নের ক্ষমতা সংরক্ষণ করে এবং সরকার কর্তৃক অনুরূপ কোন নির্দেশনা প্রদান করা হলে সংগঠনটি এর সংঘস্মারক/সংঘবিধিতে প্রয়োজনীয় সংশোধন করতে বাধ্য থাকবে;
- (গ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধনের পর নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক সত্যায়িত দু'টি ছাপানো সংঘস্মারক/সংঘবিধির কপি এবং নিবন্ধন প্রত্যয়নপত্রের দু'টি ফটোকপি পরিচালক, বাণিজ্য সংগঠন—এর নিকট জমা দিতে হবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এ সঙ্গে সংযুক্ত)
- (ঘ) অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধির কোন বিধান বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর কোন বিধানের সঙ্গে সাংঘর্ষিক হলে অধ্যাদেশের বিধান প্রযোজ্য হবে এবং অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধির যে কোন অসঙ্গতি বা ত্রুটি সংশোধনপূর্বক নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর ও মন্ত্রণালয়ে উপস্থাপনপূর্বক পুনরায় অনুমোদন গ্রহণ করতে হবে;
- (ঙ) সময় সময় সরকার কর্তৃক সংগঠন সংক্রান্ত আরোপিত শর্তাদি এবং বিধি-বিধান অবশ্যই পালনীয় হবে। এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক/সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।
- (চ) নিবন্ধনের পর ৬০ (ষাট) দিনের মধ্যে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর নিকট সদস্যভুক্তির জন্য আবেদন করতে হবে;
- (ছ) সংগঠনের জন্য আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;
- (জ) নিবন্ধনের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহ্বান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;
- (ঝ) সংগঠনটি সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না;
- (ঞ) বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর কোন বিধান এবং উপরে বর্ণিত ও সংঘস্মারক/সংঘবিধিতে উল্লিখিত শর্তাবলীর কোনরূপ বরখেলাপ বা লঙ্ঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স অচল বলে গণ্য হবে।

এ লাইসেন্স দু'হাজার একুশ সনের অক্টোবর মাসের ১০ তারিখে আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।



সোলেমান খান
অতিরিক্ত সচিব

পরিচালক, বাণিজ্য সংগঠন